

নং-৪৬.৪২.০০০০.০০০.২০.০০২.১৬. ১১৪৬

০৬ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় ট্রাক স্ট্যান্ড, বিশ্রামাগার নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন সংক্রান্ত।

গত ২২ নভেম্বর ২০১৫ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জাতীয় মহাসড়কের পাশে জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় ট্রাক স্ট্যান্ড, বিশ্রামাগার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ জুন ২০১৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ১০টি জেলায় যথা-(১) কুমিল্লা (২) মানিকগঞ্জ (৩) চুয়াডাঙ্গা (৪) খুলনা (৫) বগুড়া (৬) কুড়িগ্রাম (৭) বরিশাল (৮) মাদারীপুর (৯) ময়মনসিংহ ও (১০) কিশোরগঞ্জ জেলায় বাস-ট্রাক স্ট্যান্ড, সরাইখানা/বিশ্রামাগার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা পরিষদসমূহ হতে জমির তথ্য সংগ্রহ করা হয়। ট্রাক স্ট্যান্ড, বিশ্রামাগার নির্মাণের জন্য মহাসড়কের পাশে জেলা পরিষদের মালিকানাধীন জমি নেই। তবে (১) হবিগঞ্জ (২) মাদারীপুর (৩) মাগুরা (৪) গাইবান্ধা (৫) পটুয়াখালী (৬) খুলনা (৭) সিরাজগঞ্জ (৮) মানিকগঞ্জ ও (৯) চুয়াডাঙ্গা জেলায় অধিগ্রহণের মাধ্যমে জমির সংস্থান করা যাবে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তাগণ জানিয়েছেন।

৩। বাস-ট্রাক স্ট্যান্ড, বিশ্রামাগার নির্মাণের জন্য এলজিইডি হতে প্ল্যান ডিজাইন প্রস্তুত করা হয়েছে। এলজিইডি'র প্রস্তুতকৃত প্ল্যান ডিজাইন অনুযায়ী বাস-ট্রাক স্ট্যান্ড, সরাইখানা/বিশ্রামাগার নির্মাণের জন্য ১.৫০ একর জায়গার প্রয়োজন হবে। এছাড়া প্ল্যান, ডিজাইন অনুযায়ী প্রতিটি বাস-ট্রাক স্ট্যান্ড সরাইখানা/বিশ্রামাগার নির্মাণের জন্য ৫,০৯,৭৭,৩২১/- (পাঁচ কোটি নয় লক্ষ সাতাত্তর হাজার তিনশত একুশ) টাকা প্রয়োজন হবে।

৪। এমতাবস্থায়, জেলা পরিষদের মাধ্যমে বর্ণিত নয়টি জেলায় বাস-ট্রাক স্ট্যান্ড, বিশ্রামাগার নির্মাণের লক্ষ্যে প্রকল্পের নির্মাণ ব্যয় এবং জমি অধিগ্রহণের ব্যয় অন্তর্ভুক্ত করে একটি ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২/৫/১৭
(জুবাইদা নাসরীন)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

মহাপরিচালক
মইই, উইং
স্থানীয় সরকার বিভাগ।

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।